

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৪৮৪৪

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - জিহ্বার হিফাযাত, গীবত এবং গালমন্দ প্রসঙ্গে

আরবী

وَعَنْ ابْنِ
عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا كَذَبَ الْعَبْدُ تَبَاعَدَ عَنْهُ الْمَلِكُ مِثْلَ
مِنْ نَتْنٍ مَا جَاءَ بِهِ». رَوَاهُ التِّرْمِذِيُّ

বাংলা

৪৮৪৪-[৩৩] আবদুল্লাহ ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন বান্দা মিথ্যা বলে, তখন মালাক (ফেরেশতা) মিথ্যার দুর্গন্ধে এক ক্রোশ দূরে চলে যান। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] খুবই যঈফ : তিরমিযী ১৯৭২, যঈফাহ্ ১৮২৮, হিলইয়াতুল আওলিয়া ৪/১৯৭।

হাদীসটি যঈফ হওয়ার কারণ, এর সনদে “আবদুর রহীম ইবনু হারুন আল গস্পানী” নামের বর্ণনাকারী খুবই যঈফ। আর ‘আবদুল আযীয ইবনু আবী রওওয়াদ (رواد) নামের বর্ণনাকারীও মুনকার, হাদীস বর্ণনাকারী যঈফ। দেখুন- যঈফাহ্ ১৮২৮। আল মু‘জামুল আওসাত্ ৭৩৯৮, আল মু‘জামুল সগীর ৮৫৩, ‘ত্ববারানী’র আল মু‘জামুল কাবীর ৫৭৮, যঈফুল জামি‘ ৬৮০, যঈফ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১৭৫৮।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (إِذَا كَذَبَ الْعَبْدُ تَبَاعَدَ عَنْهُ الْمَلِكُ) যখন বান্দা মিথ্যা কথা বলে তখন তার সঙ্গে থাকা সংরক্ষণকারী মালাক ১ মাইল দূরে চলে যায়। (مِثْلًا) মাইল হলো, এক ফারসাখের তৃতীয়াংশ অথবা জমিনের নির্ধারিত কিছু অংশ অথবা দৃষ্টিসীমা পরিমাণ অংশ।

(مِنْ نَنْنِ مَا جَاءَ بِهِ) সে মিথ্যা নিয়ে এসেছে তার দুর্গন্ধের কারণে। نَنْنِ হলো فوح এর বিপরীত যার অর্থ সুগন্ধির বিপরীত। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75568>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন